



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/৬৫৬/৬

তারিখ: ২০.০৮.২০২০খ্রি.

বিষয়: প্রয়োজনীয় কাগজপত্র দাখিল প্রসঙ্গে

- সূত্র:
- ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৯৯২৩/ময়মনসিংহ-৩১৭/৩৩০৪/৯; তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রি.
  - ২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৪১.০০২.১৯-৮৯৫; তারিখ: ০৮/১২/২০১৯
  - ৩) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/৩৪৮২/৬; তারিখ: ১৬/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আব্দুল কুদ্দুস (সাময়িক বরখাস্তকৃত) ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহকে পত্র দেয়া হয়।

তদন্তকারী কর্মকর্তা ২নং স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন-সকল কাগজপত্র যাচাই করে প্রতীয়মান হয় যে, অভিযোগকারী জনাব মো: আ: কুদ্দুছ খানকে বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে তা প্রাথমিক সত্যতা পাওয়া গেছে।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামতের আলোকে সহকারী মৌলভী জনাব মো: আ: কুদ্দুস (সাময়িক বরখাস্তকৃত) কে স্বপদে বহাল করে বোর্ডকে অবহিত করাসহ কেন তাকে অনিয়মতান্ত্রিকভাবে দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে সভাপতি ও মাদ্রাসা প্রধানকে কারণ দর্শানোর পত্র দেয়া হয়। কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় দেখা যায়, উক্ত বিষয় সম্পর্কে কোন বক্তব্য নেই।

এমতাবস্থায়, সাময়িক বরখাস্ত সংক্রান্ত সকল কাগজপত্র, অভিযোগ, রেজুলেশন, সাময়িক বরখাস্ত থাকাকালীন অর্ধেক বেতন/খোরপোষ ভাতা দেয়ার প্রমাণ, চূড়ান্ত বরখাস্ত সংক্রান্ত সকল তদন্ত প্রতিবেদন, কারণ দর্শানোর নোটিশ, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে প্রেরণের কাগজপত্র, বোর্ড কর্তৃক চূড়ান্ত বরখাস্ত হয়ে থাকলে সে বিষয়ের বোর্ডের আদেশের কপি, MPO থেকে নাম কর্তনের বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের বক্তব্য ০৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬১২৮৫৮



প্রাপক: ১। সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ


২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/ /

তারিখ: ০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৪. জনাব মো: আ: কুদ্দুস খান, সহকারী মৌলভী (সাময়িক বরখাস্ত)  
গ্রাম: ধামর, ডাকঘর: ধামর, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬৭৪৮৭৪

